Literacy for a Billion

Movie: Andhare Alo
Year:

Song: Sokhi Re Je Bondhu Lagiya
Lyricist:

সখি রে
যে বঁধু লাগিয়া
রজনী জাগিয়া
বহিনু জীবন ভার
যে বঁধু লাগিয়া
রজনী জাগিয়া
বহিনু জীবন ভার
শুভক্ষণে বিধি
মিলালো সে নিধি
শুভক্ষণে বিধি
মিলালো সে নিধি
দরশ পেলেম তার
যে বঁধু লাগিয়া
লয়ে পরান কুসুম ডালা
লয়ে পরান কুসুম ডালা
আরাধনা ছলে
বনমালী গলে
পরাবো মিলন মালা
পরান কুসুম ডালা
রাঙা পদে তারি
ঢালিয়াছি বারি
মুছাবো কাজল কেশে
তনুর প্রদীপে
পিয়ার সমীপে
আরতি করিবো এসে

তনুর প্রদীপে
পিয়ার সমীপে
আরতি করিবো এসে
সখি রে
সখি রে
কহিয়ো বঁধুর কানে
বিনা কানু তার
অভাগিনী আর
কিছু নাহি মনে জানে
কহিয়ো বঁধুর কানে
বিনা কানু তার
অভাগিনী আর
কিছু নাহি মনে জানে
কহিয়ো বঁধুর কানে
হৃদয় রতনে
হৃদয়ে যতনে
রাখিলো অবলা বালা
হৃদয় রতনে
হৃদয়ে যতনে
রাখিলো অবলা বালা
শতযুগে তবু
নিভিলো না কভু
শতযুগে তবু
নিভিলো না কভু
কেন এ হৃদয় জ্বালা

কহিয়ো বঁধুর কানে
বিনা কানু তার
অভাগিনী আর

কিছু নাহি মনে জানে
কিছু নাহি মনে জানে

Disclaimer: PlanetRead does not own these lyrics and is not using them for any commercial purpose. For over 20 years, PlanetRead has been subtitling Bollywood songs for mass literacy. These lyrics are being offered as part of PlanetRead's literacy development initiative.

PlanetRead is a tax-exempt, not-for-profit: 501(c) (3) in the United States and 80(G) in India.